

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃঙ্খলা অধিশাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৬ ৩৪৫

তারিখঃ ২২.০৪.২০১৮ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ মোস্তফা কামাল (১২০৪৪৩), সহকারী রেজিষ্ট্রার (এ্যানেসথেসিওলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা গত ১৯.০৪.২০১৬ খ্রিঃ হতে ১২.০৭.২০১৭ খ্রিঃ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর দায়ে ২৪.১১.২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৬-৮৫০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানোর নোটিসের জবাব ও ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেননি বিষয় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে কেন 'চাকুরি হতে অপসারণ' করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার দ্বিতীয় কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ০৪.০৪.২০১৮ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ডাঃ মোহাম্মদ মোস্তফা কামাল (১২০৪৪৩), সহকারী রেজিষ্ট্রার (এ্যানেসথেসিওলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা এর কারণ দর্শানোর জবাব, সংশ্লিষ্ট কাগজপত্রাদি ও কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী পর্যালোচনা করে দেখা যায় যে, তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'ডিজারশন'র অভিযোগ সন্দেহাতীত প্রমাণিত হয়েছে।

যেহেতু, অভিযুক্ত আনীত অভিযোগের স্বপক্ষে সন্তোষজনক জবাব প্রদান করতে ব্যর্থ হয়েছেন বিষয় শাস্তি পাওয়ার যোগ্য।

সেহেতু, ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ৪(২)(বি) নং বিধি মোতাবেক ডাঃ মোহাম্মদ মোস্তফা কামাল (১২০৪৪৩), সহকারী রেজিষ্ট্রার (এ্যানেসথেসিওলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা এর ৫টি বাৎসরিক বেতন বৃদ্ধি ও বছরের জন্য স্বগৃহীত করার দস্ত আরোপ করা হলো। তাঁর চাকুরির ধারাবাহিকতা বজায় রাখার জন্য ১৯.০৪.২০১৬ খ্রিঃ হতে ১২.০৭.২০১৭ খ্রিঃ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুরপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
(মোঃ সিরাজুল হক খান)  
সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।

[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৬-৩৪৫/৩৩৩

তারিখঃ ২২.০৪.২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। যুগ্মসচিব (পার-১)/(পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
- ৫। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মোহাম্মদ মোস্তফা কামাল (১২০৪৪৩) এর সহকারী রেজিষ্ট্রার (এ্যানেসথেসিওলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা।

(শাহামা নাসরিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

dis@mh.gov.bd